

পারিবারিক সঞ্চয় ও আয় বীমা পরিকল্পনা (লাভযুক্ত)

এই বীমা পরিকল্পনের মূল উদ্দেশ্যে বীমা গ্রহীতা তথা পরিবারের কর্মক্ষম উপার্জনশীল ব্যক্তিটির অকাল মৃত্যুতে তাঁর অসহায় পরিবার অর্থনৈতিক নিরাপত্তার সহায়ক হিসাবে নির্দিষ্ট হারে পারিবারিক আয়ের সংস্থান করা।

এই প্রকার বীমা নির্দিষ্ট মেয়াদের জন্য কিংবা বীমা গ্রহীতার কোন নির্দিষ্ট বয়সে পরিশোধযোগ্য হিসাবে করা যায়। এই পরিকল্পনে বীমার মেয়াদ ১০ বৎসর হয়ে থাকে। কিন্তু কোন ক্রমেই বীমা গ্রাহকের মেয়াদ পূর্তিকালীন বয়স ৫৫ বৎসরের বেশী হবে না।

মাসিক প্রিমিয়াম সারণী, বীমার মেয়াদ ১০ বছর
গ্রাহকের বয়স : বীমার শুরুতে সর্বোচ্চ ৪৫ বৎসর।
পরিকল্পনা নং ২০৩

| বীমা অংক (টাকায়) | বীমার মেয়াদ ১০ বৎসর প্রিমিয়াম (টাকা) |
|-------------------|---|
| ৬০০০ | ৫২ |
| ৮,০০০ | ৬৯ |
| ১০,০০০ | ৮৬ |
| ১৫,০০০ | ১২৯ |
| ২০,০০০ | ১৭১ |
| ২৫,০০০ | ২১৫ |
| ৩০,০০০ | ২৫৭ |
| ৩৫,০০০ | ৩০০ |
| ৪০,০০০ | ৩৪৩ |
| ৪৫,০০০ | ৩৮৬ |
| ৫০,০০০ | ৪২৯ |

এই বীমার সুবিধাসমূহ :

- ১। বীমা গ্রহীতা জীবিত থাকলে মেয়াদ অন্তে অর্জিত বোনাসসহ মূল বীমাকৃত অর্থ পরিশোধের নিশ্চয়তা দেয়া থাকে।
- ২। মেয়াদ পূর্তির পূর্বে বীমা গ্রহীতার মৃত্যু হলে :
 - (ক) মৃত্যুর পরই বীমাকৃত অংকের শতকরা ২৫ ভাগ মৃত্যু দিন পর্যন্ত অর্জিত বোনাসসহ প্রদান করা হয়।
 - (খ) মৃত্যুর পর থেকে বীমার মেয়াদ পর্যন্ত বীমাকৃত অংকের শতকরা ১০ ভাগ প্রতি বৎসর অর্ধ-বার্ষিক কিস্তিতে প্রদান করা হয়।
 - (গ) বীমার মেয়াদ অন্তে বীমাকৃত অংকের অবশিষ্ট শতকরা ৭৫ ভাগ প্রদান করা হয়।
- ৩। এ বীমার প্রিমিয়াম আয়করমুক্ত।